

একাদশ শ্রেণিতে ২০২২-২৩ শিক্ষাবর্ষে ব্যবসায় শিক্ষা শাখায় ভর্তির নিয়মাবলী

১। ভর্তির জন্য যশোর বোর্ড কর্তৃক মনোনীত শিক্ষার্থীকে কলেজ ওয়েব সাইট www.akcc.gov.bd এর Online Admission মেন্যুতে প্রবেশ করে অনলাইনে ভর্তি ফরম পূরণপূর্বক ডাউনলোড করে তার সঙ্গে ভর্তি ফি পরিশোধের পেমেণ্ট স্লিপের কপি ও প্রয়োজনীয় কাগজপত্র সহ কলেজ অফিসে জমা দিতে হবে।

২। সর্বোচ্চ সতর্কতা অবলম্বনপূর্বক আবশ্যিক ও ঐচ্ছিক বিষয় নির্বাচন করে শিক্ষার্থীকে তথ্য ফরম পূরণ করতে হবে। উল্লেখ্য, বিষয় তালিকা www.akcc.gov.bd এর Admission মেন্যুতে পাওয়া যাবে।

৩। মুক্তিযোদ্ধা কোটায় মনোনীত শিক্ষার্থীকে সনাক্তকরণের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত মুক্তিযোদ্ধার মূল সনদপত্র ভর্তি কমিটির নিকট প্রদর্শন করতে হবে ও একটি ফটোকপি জমা দিতে হবে। এছাড়া শিক্ষার্থীর সাথে মুক্তিযোদ্ধার পারিবারিক সম্পর্কের (পিতা-মাতা/দাদা-দাদী/নানা-নানী) সনদপত্র (জেলা প্রশাসক/ইউএনও/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত) এর মূলকপি ও অন্যান্য প্রমাণকসমূহ জমা দিতে হবে।

৪। প্রতিবন্ধী ও অন্যান্য বিশেষ কোটার মনোনীত শিক্ষার্থীকে প্রতিবন্ধিতার সনদ/বিশেষ কোটার স্বপক্ষে উপযুক্ত প্রমাণকের মূল কপি ভর্তি কমিটির নিকট প্রদর্শন এবং এর ফটোকপি জমা দিতে হবে।

৫। **ভর্তি ফি:** কলেজে ভর্তির জন্য নির্ধারিত ২,৭৫৫/- (দুই হাজার সাতশত পঞ্চাশ টাকা) রকেট মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পরিশোধ করতে হবে। পরিশোধিত রকেট পেমেণ্ট স্লিপটি অবশ্যই নিজের কাছে সংরক্ষণ করতে হবে এবং উহার ০২টি কপি (A4 সাইজের কাগজে) তথ্য ফরমের সাথে জমা দিতে হবে।

পেমেণ্ট পদ্ধতি : ১ম ধাপ : www.akcc.gov.bd থেকে Online admission এ ক্লিক করে ভর্তির আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে এবং আবেদনপত্রের প্রিন্ট কপি নিতে হবে। আবেদনের সময় মোবাইল নম্বর অবশ্যই ইংরেজিতে লিখতে হবে।

২য় ধাপ : Rocket এর মাধ্যমে ২,৭৫৫/- (দুই হাজার সাতশত পঞ্চাশ টাকা) পরিশোধ করতে হবে। কলেজ পেমেণ্ট কোড 3094 এবং বিল নম্বর হবে শিক্ষার্থীর ডাউনলোডকৃত আবেদনপত্রের নম্বর। Online আবেদন পত্রের নম্বরের বিপরীতে জমা দিতে হবে। (রকেটে টাকা জমা দেওয়ার সময় ১% চার্জ প্রযোজ্য)

৬। প্রয়োজনীয় কাগজপত্র:

ক) এসএসসি/সমমান পরীক্ষা পাশের একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর মূল কপি (স্ট্যাম্পিং করা যাবে না), ফটোকপি এবং প্রশংসাপত্রের ফটোকপি। উল্লেখ্য, একাডেমিক ট্রান্সক্রিপ্ট জমা দেয়ার পূর্বে উহার একাধিক ফটোকপি নিজের কাছে সংরক্ষণ করে রাখা উত্তম।

খ) জেএসসি/সমমান পরীক্ষা পাশের একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর ফটোকপি।

গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৪ কপি ও স্ট্যাম্প সাইজের ০২ কপি ল্যাব প্রিন্ট রঙিন ছবি (সত্যায়িত ছাড়া)

ঘ) পূরণকৃত শিক্ষার্থী তথ্য ফরমের ফটোকপি ০১ টি। ঙ) রকেট পেমেণ্ট স্লিপের ফটোকপি (A4 সাইজের কাগজে) ০২ টি।

চ) মুক্তিযোদ্ধা কোটায় ভর্তিচ্ছু শিক্ষার্থীকে মুক্তিযোদ্ধার মূল সনদপত্র ভর্তি কমিটির নিকট প্রদর্শন এবং একটি ফটোকপি জমা দিতে হবে।

শিক্ষার্থীর সাথে মুক্তিযোদ্ধার পারিবারিক সম্পর্কের সনদপত্রের মূলকপি ও প্রমাণকসমূহ জমা দিতে হবে।

ছ) প্রতিবন্ধী ও অন্যান্য বিশেষ কোটায় মনোনীত শিক্ষার্থীকে প্রতিবন্ধিতার সনদ/বিশেষ কোটার স্বপক্ষে উপযুক্ত প্রমাণকের মূল কপি ভর্তি কমিটির নিকট প্রদর্শন করতে হবে এবং এর ফটোকপি জমা দিতে হবে।

জ) শিক্ষার্থীর জন্য নিবন্ধন সনদের ফটোকপি। ঝ) পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

ঞ) প্রয়োজনীয় সকল কাগজপত্র সংরক্ষণের জন্য একটি A4 সাইজের খাম। খামের উপর শিক্ষার্থীর নাম, শিক্ষাবর্ষ, রোল নম্বর ও মোবাইল নম্বর লিখতে হবে।

৭। ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তির তারিখ ও সময়:

তারিখ: ২২/০১/২০২৩ থেকে ২৬/০১/২০২৩ পর্যন্ত সময় : সকাল ১০.০০ থেকে দুপুর ২.০০ টা পর্যন্ত

৮। **ক্লাস শুরু :** ০১/০২/২০২৩ খ্রি. এবং ভর্তি সম্পর্কিত তথ্যাবলী কলেজ ওয়েব সাইট www.akcc.gov.bd এ পাওয়া যাবে। সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি মেনে ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে হবে।

প্রতিষ্ঠান

১৭/০১/২৩

অধ্যক্ষ

D:\OBERVORTI-N

আযম খান সরকারি কমার্স কলেজ,
Professor ~~Kasthur~~ Chandra Mondal
ID No: 6064
Principal
Azam Khan Govt Commerce College
Khulna.

১৭/০১/২৩

আইসিআই

একাদশ শ্রেণির ভর্তি কমিটি-২০২২-২৩